

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়

শাখা-৯

পরিপত্র নং-১৬

নং ভূঃমঃশা- ৯-১৮/৯৪-৪২-(৬৪)-বিবিধ,

তারিখ : ০২/০৩/১৯৯৬ইং
১৯/১১/১৪০২ বাং।

প্রেরক : মোঃ মাহাবুব হোসেন খান,
সিনিয়র সহকারী সচিব
শাখা-৯, ভূমি মন্ত্রণালয়।

প্রাপক : জেলা প্রশাসক।

----- (সকল)।

বিষয় : নামজারী কেসের নিষ্পত্তি প্রসঙ্গে।

সরকারের দৃষ্টিগোচর হইয়াছে যে, বিভিন্ন জেলায় বিপুল সংখ্যক নামজারী ও জমা ভাগের কেস বছরের পর বছর ধরিয়ী অনিষ্পন্ন অবস্থায় পড়িয়া থাকিতেছে। ফলে একদিকে যেমন জনসাধারণ অশেষ ভোগান্তির শিকার হইতেছেন অপরদিকে হাল নাগাদ রেকর্ড সংরক্ষণে বিঘ্ন সৃষ্টি হইতেছে। ভূমি ব্যবস্থাপনায় এইরূপ অবস্থা কোনক্রমেই কাম্য হইতে পারে না।

২। ইহা সহজেই অনুমেয় যে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের গাফিলতী এবং তদারককারী কর্মকর্তাদের নিয়মিত ও কার্যকরী পরিদর্শন এবং তদারকীর অভাবে এহেন অনভিপ্রেত অবস্থা সৃষ্টি হইতেছে।

৩। তদারককারী কর্মকর্তাগণ যথাযথভাবে রাজস্ব কার্যালয়সমূহ যথাযথভাবে পরিদর্শন করিলে এবং জেলা মাসিক রাজস্ব সম্মেলনে এই বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে বিবেচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হইলে এই সমস্যার সমাধান সম্ভব।

৪। বর্ণিত অবস্থায় অনিষ্পন্ন নামজারী জমাভাগ মামলাসমূহ নিষ্পত্তি ও ভবিষ্যতে এইরূপ কেস যথাশীঘ্র সম্ভব নিষ্পত্তিকরণের লক্ষ্যে এতদবিষয় রেজিষ্টার প্রস্তুত ও প্রতিমাসে একবার পরীক্ষাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাইতেছে।

স্বা/- (মোঃ মাহাবুব হোসেন খান)
সিনিয়র সহকারী সচিব।

স্মারক নং ভূঃমঃশা- ৯-১৮/৯৪-৪২-(৬৪)/১(৬)-বিবিধ,

তারিখ : ০২/০৩/১৯৯৬ইং
১৯/১১/১৪০২ বাং।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল।

১। বিভাগীয় কমিশনার,..... সকল।

স্বা/- (মোঃ মাহাবুব হোসেন খান)
সিনিয়র সহকারী সচিব।